# AKASHVANI KOLKATA

## Regional News Unit

**Date: 14.08.2026** **Time: 1-40 PM**

***********************************************************************

৮০-তম স্বাধীনতা দিবসের প্রাক্কালে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ সন্ধ্যা ৭'টায় জাতির উদ্দেশে ভাষণ দেবেন। এর প্রেক্ষিতে আজ আকাশবাণী কলকাতার সন্ধে ৭.৩৫ মিনিটের জাতীয় সংবাদ রাত ৮-টায় সম্প্রচারিত হবে। সন্ধে ৭ ও ৮-টার FM হেডলাইন্স এবং রাত ৮.১০-এর খেলার খবর বাতিল থাকছে। রাষ্ট্রপতির ভাষণের বাংলা অনুবাদ সম্প্রচার করা হবে রাত সাড়ে ৯'টায়।

অন্যদিকে, আগামীকাল ১৫-ই আগস্ট **প্রধানমন্ত্রী** নরেন্দ্র মোদী দিল্লির লালকেল্লা প্রাকার থেকে সকাল ৭'টায় জাতির উদ্দেশে ভাষণ দেবেন। প্রধানমন্ত্রীর ভাষণ শেষ হলে রাজ্যবাসীর উদ্দেশে বেতার ভাষণ দেবেন রাজ্যের **মুখ্যমন্ত্রী** শুভেন্দু অধিকারীও।

***********************************************************************

অসামান্য ও  প্রশংসনীয় কাজের স্বীকৃতি হিসেবে স্বাধীনতা দিবসে রাজ্যে ১৪ জন আই পি এস আধিকারিক মুখ্যমন্ত্রী পদক পাচ্ছেন। আগামীকাল স্বাধীনতা দিবসের অনুষ্ঠান মঞ্চে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী তাদের এই পদক দিয়ে সম্মানিত করবেন। চিফ মিনিস্টার মেডেল ফর আউটস্ট্যান্ডিং সার্ভিস-২০২৬ পুরস্কারের জন্য নির্বাচিত হয়েছেন ৬ আই পি এস আধিকারিক। এরা হলেন, দময়ন্তী সেন, অজয় কুমার, নিরোজ কুমার সিং, কে  জয়রামন, প্রণব কুমার এবং কুণাল আগরওয়াল। অন্যদিকে, চিফ মিনিস্টার মেডেল ফর কমান্ডেবল সার্ভিসের জন্য নির্বাচিত হয়েছেন ৮ জন আই পি এস আধিকারিক। এরা হলেন, কঙ্কোর প্রসাদ বারুই, সুনীল কুমার যাদব, রাঠোর অমিত কুমার ভারত, সূর্যপ্রতাপ যাদব, পুষ্পা, অংশুমান সাহা, সচিন মাক্কার এবং ডক্টর অরবিন্দ কুমার আনন্দ।

***********************************************************************

হুগলীর ত্রিবেণী শিবপুর থেকে তিরঙ্গা শোভাযাত্রায়  আজ উপস্থিত ছিলেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। ত্রিবেণী শিবপুর থেকে হাওড়া বর্ধমান শাখার মগড়া রেল স্টেশন পর্যন্ত প্রায় পাঁচ কিমি রাস্তা অতিক্রম করে এই মিছিল। নেতাজী,স্বামীজি,ভগত সিং এর বেশে শোভাযাত্রায় উপস্থিত অনেকে। সপ্তগ্রাম বিধায়ক স্বরাজ ঘোষ, বিজেপি জেলা সভাপতি গৌতম চট্টোপাধ্যায় স্থানীয় বিজেপি নেতা কর্মিরা রয়েছেন। স্কুল পড়ুয়া থেকে বহু সাধারন মানুষের অংশ গ্রহনে সুবিশাল শোভাযাত্রা তিনশ ফুট তেরঙ্গা পতাকা  নিয়ে হাঁটেন শোভাযাত্রায়।

***********************************************************************

স্বাধীনতা দিবস উপলক্ষে বাঁকুড়ার মন্দিরনগরী বিষ্ণুপুরে ভারত সরকারের পুরাতত্ব বিভাগের মন্দিরগুলি তেরঙ্গা আলোর রশনাইয়ে সাজিয়ে তোলা হয়েছে।

অন্যদিকে স্বাধীনতা দিবসের প্রাক্কালে জলপাইগুড়ি জেলার বিভিন্ন বাজারে প্রচুর পরিমাণে বিক্রি হচ্ছে বিভিন্ন আকারের জাতীয় পতাকা। তেরঙ্গা হাতের ব্যান্ড, ওড়ানা, মাথার টুপি সহ বিভিন্ন জিনিষ। বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা থেকে ছাত্রছাত্রী, সাধারণ মানুষও এই সমস্ত জিনিষ কিনছেন।

অন্যদিকে, আগামীকাল স্বাধীনতা দিবস উপলক্ষে বীরভূমের সিউড়ি স্টেশন চত্বর ও সংলগ্ন এলাকায় নিরাপত্তা ব্যবস্হা জোরদার করেছে GRP ও RPF । স্টেশনের আসা যাত্রীদের ব্যাগ ও অন্য সমস্ত জিনিষ পরীক্ষা করে দেখা হচ্ছে।

*******************************************************************

কালীঘাট মন্দিরের সুরক্ষায় নতুন পদক্ষেপ নিল কলকাতা পুলিশ। মন্দির চত্বর এবং দর্শনার্থীদের নিরাপত্তায় সেখানে পুলিশ ফাঁড়ি গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গতরাতে কলকাতার পুলিশ কমিশনার অজয় নন্দা এসংক্রান্ত নির্দেশিকা জারি করেছেন। এই প্রথম কোন ধর্মীয় স্হানের জন্য আলাদা করে পুলিশ ফাঁড়ির ব্যবস্হা করছে লালবাজার।

*******************************************************************

দেশভাগের বিভীষিকা ও যন্ত্রণাময় ইতিহাস স্মরণ করতে আজ রাজ্যজুড়ে ‘পার্টিশন হরর রিমেমব্র্যান্স ডে’ বা দেশভাগ বিভীষিকা স্মরণ দিবস পালন করা হচ্ছে। এই উপলক্ষ্যে নিউটাউনের কনভেনশন সেন্টারে আজ এক প্রদশনীর উদ্বোধন করবেন রাজ্যের স্কুল শিক্ষামন্ত্রী দীপক বর্মন। এছাড়া সব জেলায় মোমবাতি মিছিল, দেশভাগের ইতিহাস নিয়ে প্রদশনী এবং তথ্যচিত্র প্রদর্শনের আয়োজন করতে তথ্য ও সংস্কৃতি দফতরের সচিব ড. সৌমিত্র মোহন জেলা প্রশাসনকে নির্দেশ দিয়েছেন।

এই উপলক্ষে আজ সন্ধ্যায় প্রতিটি জেলা সদর এলাকায় সরকারি আধিকারিক, পড়ুয়া, শিক্ষা প্রতিষ্ঠান, সাংস্কৃতিক সংগঠন এবং সাধারণ মানুষের অংশগ্রহণে মোমবাতি মিছিলের আয়োজন করা হবে।

মুর্শিদাবাদের বহরমপুর রবীন্দ্র সদনে আজ বিকেল পাঁচটায় এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে দেখানো হবে তিনটি বিশেষ ভিডিও। ১৯৪৭-এর দেশ ভাগের স্মৃতি ও অভিজ্ঞতা জানাবেন দুই প্রবীণ ব্যক্তি। রাজ্যের দুই মন্ত্রী জেলাশাসক সহ কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা অনুষ্ঠানে উপস্হিত থাকবেন।

*******************************************************************

নেতাজী সম্পর্কে অবমাননাকর মন্তব্যের জন্য নগেন্দ্র রায়, ওরফে অনন্ত মহারাজ ক্ষমা চেয়েছেন। সামাজিক মাধ্যমে এক ভিডিও পোস্ট করে তিনি বলেন, নেতাজী সম্পর্কে তাঁর করা বক্তব্যেই মানুষের ভাবাবেগে আঘাত লেগে থাকলে তিনি ক্ষমা প্রার্থী।অনন্ত মহারাজের রাজ্যসভার সাংসদ পদ খারিজ এবং গ্রেফতারের দাবি জানিয়েছে বিরোধী দলগুলি।

অন্যদিকে, কোচবিহার, কোতোয়ালি থানার পুলিশ এই সাংসদের বিরুদ্ধে এবার মামলা রুজু করেছে। গত ৭-ই আগস্টের একটি অভিযোগের ভিত্তিতে তার বিরুদ্ধে এই মামলা রুজু করা হয়েছে বলে পুলিশ সূত্রে জানা গেছে। আগেই জানানো হয়েছে, নেতাজী সম্পর্কে সমাজ মাধ্যমে কুরুচিকর পোস্টের অভিযোগে কোচবিহার থেকে এপর্যন্ত পুলিশ পাঁচজনকে গ্রেফতার করেছে। গতকাল, বসন্ত দেবনাথ ও স্বপন মোহন্ত নামে দুই যুবককে সাহেবগঞ্জ থানার পুলিশ গ্রেফতার করে। কোচবিহার কোতোয়ালি থানার পুলিশ, অনন্ত মহারাজ ঘনিষ্ট পিন্টু রায় ও কৃষ্ণ কারজি নামে দুই যুবককে গ্রেফতার করে।

অন্যদিকে, নিশিগঞ্জ এলাকা থেকে ধরা হয় উত্তম বর্মন নামে এক স্কুল শিক্ষককে।

এই ঘটনায় উত্তর দিনাজপুরের চাকুলিয়া থেকে কিরণ কুমার দাস নামে এক ব্যক্তিকে ইসলামপুর সাইবার থানার পুলিশ আগেই গ্রেফতার করেছিল।

******************************************************************

'কন্যারত্ন দিবস' উদযাপন উপলক্ষে রাজ্যের নারী ও শিশু বিকাশ দপ্তর আজ কলকাতার ধনধান্য প্রেক্ষাগৃহে এক অনুষ্ঠানের আয়োজন করেছে।উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। উল্লেখ্য বিগত সরকারের আমল থেকে ১৪ই আগস্ট দিনটি কন্যাশ্রী দিবস হিসেবে পালিত হতো। পরবর্তীতে সরকার বদল হবার পর মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এই প্রকল্পের নাম রাখেন কন্যারত্ন, যার মাধ্যমে রাজ্যের সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ের ১৩ থেকে ১৮ ও ১৮ থেকে ১৯ বছর বয়সী ছাত্রীদের দুই ধাপে আর্থিক সহায়তা দেওয়া হবে।

******************************************************************

পরিবারের সদস্যদের না জানিয়ে অভয়ার দেহ তড়িঘড়ি সৎকারের অভিযোগে ওড়িশার একটি হোটেল থেকে ধৃত পানিহাটির প্রাক্তন বিধায়ক নির্মল ঘোষ ও পানিহাটি পুরসভার প্রাক্তন কাউন্সিলার সঞ্জীব মুখার্জিকে আজ ব্যারাকপুর মহকুমা আদালতে পেশ করা হয়েছে। খড়দা থানা থেকে তাদের দুজনকে বের করার সময়, থানা চত্বরে তাদের ঘিরে বহু মানুষ বিক্ষোভ দেখাতে থাকেন। তাদের লক্ষ্য করে ছোঁড়া হয় কাদা এবং ডিম। নির্মল ঘোষ কে মাথায় হেলমেট পরিয়ে থানা থেকে গাড়ীতে তোলা হয়। এর আগে,বিজেপি কর্মী সমর্থকরা খড়দা থানার বাইরে ডিজে বাজিয়ে উল্লাসে মেতে ওঠেন। নির্মল ঘোষ এর বিরুদ্ধে এছাড়াও লটারি প্রতারণার মামলা ও রুজু করেছে খড়দা থানা।

******************************************************************

সাত সন্দেহভাজন বাংলাদেশি নাগরিককে আটক করে হোল্ডিং সেন্টারে পাঠিয়েছে মুর্শিদাবাদের লালগোলা থানার পুলিশ। গতকাল সকালে লালগোলা থানার বালিগ্রাম এলাকা থেকে ওই ৭ জন কে আটক করা হয়। পুলিশ সূত্রে জানা গিয়েছে সকলেই বাংলাদেশের রাজশাহি জেলার বিভিন্ন থানা এলাকার বাসিন্দা। কয়েক মাস আগে ভারত-বাংলাদেশ সীমান্ত দিয়ে তারা অবৈধ ভাবে ভারতে আসে। পরে কাজের জন্য দক্ষিণ ভারতে

চলে যায় তারা। স্থানীয়দের সন্দেহ হওয়ায় বিষয়টি তাঁরা লালগোলা থানায় জানান। খবর পেয়ে বৃহস্পতিবার সকালে পুলিশ গিয়ে তাদের আটক করে।

*********************************************************************

মুর্শিদাবাদের সুতির রঘুনাথপুরে ধারালো হাঁসোয়া দিয়ে দুই ভাগ্নি ও এক পাড়াতুতো ভাইঝিকে খুনের অভিযোগে ধৃত গোলাম সারওয়ার ওরফে বাদশাকে পুলিশ আজ আদালতে পেশ করবে। সুতি থানার পুলিশ এই ঘটনার পর রাতেই তাকে গ্রেফতার করে। কি কারণে এই তিন শিশু কন্যাকে নৃশংসভাবে হত্যা করা হলো, তার তদন্ত শুরু করেছে পুলিশ। এই ঘটনায় জখম অপর শিশু কন্যা আনিসা পারভিনের অবস্হা স্হিতিশীল বলে জানা গেছে।

*********************************************************************

কলকাতা প্রিমিয়ার ডিভিশন লিগ ফুটবলে আজ ইস্টবেঙ্গল, ভবানীপুর এফসি-র বিরুদ্ধে খেলবে। ইস্টবেঙ্গল মাঠে খেলা শুরু হবে দুপুর তিনটেয়।

*********************************************************************